তারিখ ... 25 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

যুগান্তর

বিতর্কিত পিস স্কুল ও কলেজ

# তদন্ত কমিটি মাঠে, শোকজ

**যুগান্তর রিপোর্ট**

ঢাকার বিভিন্ন স্থানে পরিচালিত পিস স্কুল ও কলেজের ব্যাপারে তদন্ত কমিটি গঠন করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। এ ধরনের প্রতিষ্ঠান কী পড়াচ্ছে, সরকারি কারিকুলামের বই পড়াচ্ছে কিনা, কী কী অননুমোদিত বই পড়াচ্ছে— এসব অনুসন্ধান করবে এ তদন্ত কমিটি। এ কমিটি রোববার কাজ শুরু করেছে। বুধবার কমিটির প্রতিবেদন দাখিলের নির্দেশনা আছে। রোববার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ফোনে বিষয়টি নিশ্চিত করেছেন এনসিটিবির চেয়ারম্যান নারায়ণ চন্দ্র সাহা। তিনি জানান, গবেষণা কর্মকর্তা আবদুল মান্নানের নেতৃত্বে কমিটি কাজ করছে।

এদিকে ঢাকার বিভিন্ন স্থানে অবস্থিত 'পিস' নামের তিনটি স্কুলকে শোকজ করেছে ঢাকা শিক্ষা বোর্ড। রোববার বোর্ডের পক্ষ থেকে আলাদাভাবে শোকজের চিঠি পাঠানো হয়।

শোকজ পাঠানোর বিষয়টি নিশ্চিত করে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান রোববার রাত ৯টার দিকে যুগান্তরকে বলেন, রাজধানীতে 'পিস' নামের তিনটি শিক্ষাপ্রতিষ্ঠানের অনুমোদন আছে। এর মধ্যে দুটি কলেজ এবং একটি স্কুল ও কলেজ। এর মধ্যে স্কুল ও কলেজটি লালমাটিয়ায় অবস্থিত। আর কলেজ দুটির একটির নাম ঢাকা পিস কলেজ। এটি ভাটারা থানায় অবস্থিত। অপরটির নাম পিসফুল কলেজ। প্রতিষ্ঠানটি বনশ্রীতে অবস্থিত।

তিনি বলেন, 'ঢাকায় এ ধরনের কতটি প্রতিষ্ঠান আছে আমার জানা নেই। তবে শুনেছি ধানমণ্ডি, মিরপুর ও উত্তরায় অনুমোদনহীন তিনটি প্রতিষ্ঠান আছে। এগুলোর মধ্যে উত্তরারটি বেশি ভয়ংকর। সেটির থিম সংয়ে আপত্তিকর কথামালা আছে।' এক প্রশ্নের জবাবে তিনি বলেন, অনুমোদনহীন প্রতিষ্ঠান বন্ধের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে সুপারিশ করা হবে।

গোয়েন্দা সংস্থার তথ্য অনুযায়ী, ঢাকাসহ দেশের ১৫টি জেলায় 'পিস' নাম যুক্ত করে ২৭টি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠেছে। তবে প্রকৃতপক্ষে এ ধরনের প্রতিষ্ঠানের সংখ্যা শতাধিক। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, এসব প্রতিষ্ঠানের মালিকদের প্রায় সবাই জামায়াত ও শিবিরের নেতাকর্মী। জনগণের চোখে ধুলা দিতে কোথাও আওয়ামী লীগের নেতা আবার কোথাও বিএনপি নেতাদের সভাপতিসহ পরিচালনা কমিটির গুরুত্বপূর্ণ পদে রাখা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কার্যক্রম অব্যাহত আছে। দু-চার দিনের মধ্যে বড় কোনো সিদ্ধান্ত আসতে পারে।

উল্লেখ্য, ভারতের ধর্মবিষয়ক টিভি উপস্থাপক ড. জাকির নায়েকের পিস টিভির নামের সঙ্গে মিলিয়ে একটি গোষ্ঠী বাংলাদেশে স্কুল ও কলেজ খুলেছে। অভিযোগ উঠেছে, এসব প্রতিষ্ঠানে এনসিটিবির অনুমোদিত কারিকুলামের পাঠ্যবই পড়ানো হচ্ছে না। অনুমোদনহীন বই পড়ানোর পাশাপাশি শিক্ষার্থীদের পড়ানো হচ্ছে ভিন্ন ধারার পাঠ্যবই।